যদি আপনার মনে হয় যে আপনার শিশুর বিকাশের বিলম্ব হচ্ছে বা বিকলাঙ্গতা আছে, তাহলে সহায়তা উপলব্ধ।

আর্লি ইন্টারভেনশন সম্পর্কে আরো জানুন।

আপনার ডাক্তারের সঙ্গে কথা বলুন, **311 এ কল করুন** এবং আর্লি ইন্টারভেনশন সম্পর্কে জিজ্ঞাসা করুন অথবা **nyc.gov/health/earlyint** দেখুন।

আর্লি ইন্টারভেনশন মতো পরিষেবা গোপনীয়, স্বেচ্ছামূলক এবং পরিবারবর্গের জন্য বিনামূল্যে,* আয়, অভিবাসন, বিমা স্থিতি নির্বিশেষে।

*যদি আপনার স্বাস্থ্য বিমা থাকে, **Medicaid** সহ, তাহলে এটি আপনার কোনও প্রত্যক্ষ খরচ ছাড়াই আর্লি ইন্টারভেনশনের পরিষেবার খরচ প্রদানের জন্য ব্যবহৃত হবে।

নিউইয়র্ক শহরের

আর্লি ইন্টারভেনশন প্রোগ্রাম

এমন শিশু ও হামাগুঁড়ি দিতে শিখেছে এমন শিশুদের জন্য নিউইয়র্ক শহরের আর্লি ইন্টারভেনশন প্রোগ্রাম

প্রারম্ভিক সহায়তা গুরুত্বপূর্ণ।



NYC Health

শিশু ও হামাগুঁড়ি দিতে শিখেছে এমন শিশুদের শেখা ও বিকাশ ভিন্ন রকমের। কোনো শিশু দেরীতে কথা কথা বলা শিখতে পারে। অন্য কোনো শিশু দেরিতে আগেই হাটা শিখে যেতে পারে।

আপনার হয়তো উদ্বেগ থাকতে পারে যে আপনার শিশু বা আপনি পরিচর্যা করছেন এমন শিশুর কথা বলতে, বসতে, দাঁড়াতে, হামাগুঁড়ি দিতে, হাঁটতে, খেতে, খেলতে বা দিক বুঝতে সমস্যা হচ্ছে।

হতে পারে আপনার শিশুর জন্ম সময়ের আগে হয়েছে বা খুব ছোট। হয়তো বা আপনার বা অন্যান্যদের প্রতি সে কম আগ্রহ দেখায়। হতে পারে ডাক্তার আপনাকে বলেছেন যে আপনার শিশুর ডাউন সিন্ড্রোম, সেরিব্রাল পালসি, অটিজম বা একটি বিকাশগত প্রতিবন্ধকতা আছে।

যখন শিশুরা বিলম্বিত বিকাশ ও প্রতিবন্ধকতার ক্ষেত্রে প্রারম্ভিক সহায়তা পায়, তখন তাদের পূর্ণ সম্ভাবনায় পৌছাবার সম্ভাবনা বেশী থাকে। আপনার শিশু যাতে একটি খুব সুন্দর জীবন শুরু করতে পারে তা নিশ্চিত করতে আর্লি ইন্টারভেনশন প্রোগ্রাম কর্মীবৃন্দ উপস্থিত।

যত তাড়াতাড়ি ব্যবস্থা নেবেন তত ভাল

যদি আপনার 3 বছরের কম বয়সী শিশু থাকে, আপনার মনে হচ্ছে যে তার বিকাশ বিলম্বিত বা সে বিকলাঙ্গ তাহলে আর্লি ইন্টারভেনশন প্রোগ্রাম সহায়তা করতে পারে।

- প্রথমে আমরা আর্লি ইন্টারভেনশন প্রক্রিয়ার সহায়তার জন্য একজন পরিষেবা সমন্বয়কারী নিয়োজন করব।
- আপনার শিশুর বিকাশ বিলম্বিত কিনা বা তাকে আর্লি ইন্টারভেনশন প্রোগ্রামে নেওয়া যাবে কিনা তা জানতে আমরা তার উপর নজর রাখব।
- যদি আপনার শিশু আর্লি ইন্টারভেনশন প্রোগ্রামের যোগ্য হয় তাহলে আপনার শিশুকে সহায়তা করার জন্য একটি বিশেষ প্রোগ্রাম তৈরি করতে আমরা আপনার সঙ্গে কাজ করব।
- কিভাবে আপনার শিশুকে সহায়তা করবেন সেই বিষয়ে সহায়তা করার জন্য আর্লি ইন্টারভেনশন থেরাপিস্ট ও শিক্ষকরা আপনার সঙ্গে, আপনার শিশুর সঙ্গে ও আপনার পরিবারের সঙ্গে আপনার বাড়িতে, ডে কেয়ার সেন্টার বা আপনার শিশুর দেখাশোনাকারী ব্যক্তির সঙ্গে সময় কাটাবেন।
- সবচেয়ে ভালো ফল পেতে আপনার পরিবারের প্রতিদিনের রুটিন ব্যবহার করে আপনার শিশুকে সহায়তা করার আমরা আপনাকে বাস্তব সম্মত পরামর্শ দেব এবং উপায় বলে দেব।
- যখন আপনার শিশু তার তিন বছরের জন্মদিনে আর্লি ইন্টারভেনশন ছাড়ার জন্য প্রস্তুত হবে, তখন আমরা পরিষেবা খুঁজে পেতে আপনাকে একটি রূপান্তর পরিকল্পনা তৈরী করতে সাহায্য করব যা আপনার ও আপনার শিশুর জন্য যথাযথ।

আর্লি ইন্টারভেনশন প্রোগ্রাম আপনাকে আপনার প্রতিটি পদক্ষেপে সহায়তা করবে!